



কেন্দ্রীয় মন্ত্রী প্রহ্লাদ যোশীর সঙ্গে শিলচরের আসাম বিশ্ববিদ্যালয় নিয়ে কথা বলতে দেখা যায় শিলচরের সাংসদ পরিমল শুল্কবৈদ্যকে। তিনি তাঁর সমষ্টির সর্বাঙ্গীন বিকাশকে সামনে রেখে এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও রাজ্যের মুখ্যমন্ত্রী ড॰ হিমন্তবিশ্ব শর্মার বিকশিত ভারতের গতিকে সন্মুখে রেখে সবধরনের

প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে যে চলছে এ তার জ্বলন্ত দৃষ্টান্ত বহন করছে। নয়াদিল্লি।

RNI REGD. NO. ASSBEN/2015/64350, Postal Regn. No.-SC-69/2025-2027

‘শুভেচ্ছা’ মানবতার ই উৎস মুখ

শুভেচ্ছা

VOLUME- 12, ISSUE : 4 "Shubheccha" (Bengali-Weekly Newspaper), Silchar, Monday 31 August, 2026 • শিলচর ১৩ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ, সোমবার মূল্য - ৫.০০ টাকা মাত্র, ৪ পাতা

নেপালের পাশে থাকার বার্তা প্রধানমন্ত্রীর

নতুনদিল্লি : নেপালে বিপর্যয়ের কবলে পড়েছেন শতাধিক ভারতীয় পর্যটকও। কৈলাস-মানস সরোবর দর্শনে গিয়েছিলেন তাঁরা। আটকে পড়া যে কোনও ভারতীয়ের তথ্য ও খবরাখবরের জন্য বিদেশ মন্ত্রক জরুরি নম্বর প্রকাশ করেছে।

নেপালে হড়পা বান বিপর্যয়ের খবর পেয়ে সে দেশের প্রধানমন্ত্রী বলেদ্র শাহের সঙ্গে ফোনে কথা বললেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কঠিন সময়ে নেপালের পাশে থাকার বার্তা দিয়েছেন তিনি। সূত্রের খবর, যত দ্রুত সম্ভব নেপালে ত্রাণসামগ্রী পাঠানো হচ্ছে। উদ্ধারকাজেও ভারতীয় দল হাত লাগিয়েছে।

বলেনের সঙ্গে ফোনালাপের কথা সমাজমাধ্যমে জানিয়েছেন মোদী। তাঁর কথায়,



নেপালের প্রধানমন্ত্রীর সঙ্গে আমি কথা বলেছি। সেখানকার হড়পা বান এবং বন্যায় যাঁরা প্রাণ হারিয়েছেন, তাঁদের জন্য সমবেদনা জানিয়েছি। এই কঠিন সময়ে নেপালের ভাইবোনেদের পাশে রয়েছে ভারত। নেপালে সম্ভাব্য সমস্ত রকম মানবিক সাহায্য প্রদানে প্রস্তুত আমরা। উদ্ধারকাজে আমাদের দল সহায়তা করছে।”

নেপালে বিপর্যয়ের কবলে পড়েছেন শতাধিক ভারতীয় পর্যটকও। কৈলাস-মানস সরোবর দর্শনে গিয়েছিলেন তাঁরা। পড়শি দেশে আটকে পড়া যে কোনও ভারতীয় নাগরিকের তথ্য ও খবরাখবর নেওয়ার জন্য ভারতের বিদেশ মন্ত্রক দু’টি জরুরি নম্বর প্রকাশ করেছে

তিনের পাতায়—

জাতীয় সড়ক দ্রুত সংস্কার জরুরি, গাড়কারির সঙ্গে বৈঠকে মুখ্যমন্ত্রী

গুয়াহাটি : কাছাড় জেলার জাতীয় সড়কগুলোর সংস্কারের বিষয়ে কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গাড়কারির দৃষ্টি আকর্ষণ করলেন মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা। শুধু তাই নয়, শ্রীভূমি জেলার উপর দিয়ে যাওয়া ৩৭নং জাতীয় সড়ক এবং ৮ নম্বর জাতীয় সড়কের কাজ দ্রুত শেষ করার কথাও কেন্দ্রীয় মন্ত্রীকে বলেছেন মুখ্যমন্ত্রী। নতুনদিল্লিতে কেন্দ্রীয় সড়ক পরিবহণ মন্ত্রী



নীতিন গাড়কারির সঙ্গে বৈঠকে মুখ্যমন্ত্রী অসমের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ও জাতীয় সড়ক প্রকল্প নিয়ে বিস্তারিত আলোচনা করেন। বৈঠকে রাজ্যের সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, বর্তমান প্রকল্পগুলোর অগ্রগতি এবং বিভিন্ন প্রকল্পের জন্য জমি অধিগ্রহণ সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা হয়। বৈঠকে বাইহাটা চারআলি থেকে তেজপুর সংযোগকারী চার লেনের

তিনের পাতায়—

শিক্ষার্থীদের ‘জব সিকার’ না হয়ে ‘জব ক্রিয়েটর’ হওয়ার আহ্বান



শিলচর : শিক্ষা জীবনের সঠিক দিশা ও মানসম্মত শিক্ষাই ভবিষ্যৎ প্রজন্মের ভিত মজবুত করে। শুধু চাকরি খোঁজার মানসিকতা নয়, শিক্ষার্থীদের ‘জব সিকার’ না হয়ে ‘জব ক্রিয়েটর’ হিসেবে গড়ে তুলতে হবে। নতুন শিক্ষানীতি সেই লক্ষ্যেই শিক্ষার্থীদের সামনে জ্ঞান, দক্ষতা ও সৃজনশীলতার নানা সুযোগ উন্মুক্ত করেছে। সোমবার শিলচরের ঐতিহ্যবাহী ডিএনএনকে স্কুলে নবনির্মিত সায়েন্স ও ম্যাথস ল্যাবের উদ্বোধনী অনুষ্ঠানে এমনই মন্তব্য করলেন রাজ্যসভা সাংসদ কণাদ পুরকায়স্থ। এ দিন সকাল ১১টায় স্কুল প্রাঙ্গণে আয়োজিত বর্ণাঢ্য অনুষ্ঠানে ফিতা কেটে সায়েন্স ও ম্যাথস ল্যাবের দ্বারোদঘাটন করেন সাংসদ কণাদ পুরকায়স্থ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাছাড়ের অতিরিক্ত জেলাশাসক জাগৃতি কালোয়ার, জেলা স্কুল পরিদর্শক মিঠুন জহুরি, স্কুল পরিচালন সমিতির সভাপতি শান্তনু নায়ক,

তিনের পাতায়—

জেলাজুড়ে জনগণনা নিয়ে সংশয় নিরসন শিবির

শ্রীভূমি : চলতি জনগণনার প্রথম পর্যায়ে অর্থাৎ হাউস লিস্টিং প্রক্রিয়া সূষ্ঠা ও নির্ভুলভাবে সম্পন্ন করতে শ্রীভূমি জেলাজুড়ে বিভিন্ন স্থানে চার্জ-ভিত্তিক সংশয় নিরসন শিবির ও লেআউট ম্যাপ যাচাইয়ের কাজ চলছে। এই শিবিরগুলিতে মাঠপর্যায়ে কাজ করতে গিয়ে গণনাকারীরা যেসব সমস্যা ও জটিলতার সন্মুখীন হচ্ছেন, সেগুলি নিয়ে বিস্তারিত আলোচনা করে প্রয়োজনীয় সমাধান ও নির্দেশনা দেওয়া হচ্ছে। পাশাপাশি গণনাকারীদের প্রস্তুত করা লেআউট ম্যাপগুলি পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করা হচ্ছে,

যাতে জেলার কোনও এলাকা বা বসতবাড়ি জনগণনার আওতা থেকে বাদ না পড়ে। প্রয়োজন অনুযায়ী ম্যাপগুলিতে সংশোধনও করা হচ্ছে।

জেলা পর্যায়ের এই গুরুত্বপূর্ণ পর্যালোচনা ও প্রশিক্ষণ শিবিরে উপস্থিত রয়েছেন শ্রীভূমির জেলা জনগণনা আধিকারিক লালরোহলু খিয়াংতে, চার্জ জনগণনা আধিকারিক, রাজ্যের জনগণনা পরিচালন বিভাগের উপ-সঞ্চালক, মাস্টার ট্রেনার, ফিল্ড ট্রেনার এবং অন্যান্য আধিকারিক ও কর্মীরা। মাঠপর্যায়ের কাজের অগ্রগতি পর্যালোচনার

তিনের পাতায়—

ডিসির পরিদর্শন মিজোরাম সীমান্তবর্তী প্রত্যন্ত এলাকা

হাইলাকান্দি : হাইলাকান্দি জেলার মিজোরাম সীমান্তবর্তী প্রত্যন্ত এলাকাগুলির সার্বিক পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে বিশেষ ফিল্ড ভিজিট করলেন জেলাশাসক জয় বিকাশ। এই সফরে সীমান্ত এলাকার প্রশাসনিক ব্যবস্থা, পরিকাঠামো এবং সাধারণ মানুষের প্রয়োজনীয় পরিষেবার পরিস্থিতি পর্যালোচনা করেন তিনি। পরিদর্শনের অংশ হিসেবে জেলাশাসক গুটগুটি বিওপি, রাইফেলমারা, গল্লাছড়া বিওপি এবং

গারোদপুঞ্জ পরিদর্শন করেন। দুর্গম ও প্রত্যন্ত এই এলাকাগুলিতে কর্মরত নিরাপত্তাকর্মীদের পাশাপাশি স্থানীয় বাসিন্দাদের সঙ্গেও কথা বলেন তিনি। সীমান্তবর্তী এলাকায় বসবাসকারী মানুষের দৈনন্দিন সমস্যা এবং প্রশাসনিক পরিষেবা পৌঁছানোর ক্ষেত্রে কী ধরনের চ্যালেঞ্জ রয়েছে, তা সরাসরি জানার চেষ্টা করেন জেলাশাসক। পরিদর্শনকালে বিওপিগুলিতে মোতায়েন কর্মীদের সঙ্গে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন জয় বিকাশ। সেখানে

তিনের পাতায়—

প্রযুক্তির গতি...

যত দিন যাচ্ছে আমরা প্রযুক্তির দিক দিয়ে দুর্বীর গতি নিয়ে এগিয়ে চলছি, এটি কেবল আমাদের দেশের মধ্যে সীমাবদ্ধ নয় এয়ে সমগ্র বিশ্বের প্রভাব আর এজন্যই এখন বিজ্ঞান গবেষণা থেকে শুরু করে প্রত্যেকটি ক্ষেত্রেই এই কার্যক্রম কেবল চলছেই। যুদ্ধের ক্ষেত্রেও এ.আই এবার দায়িত্ব নেওয়ার দিকে এগোলো। যদি চোখ রাখা যায় খুববেশি দূরে নয় ২০০০ সন এবং তার কিছু আগে তাহলে দেখা যাবে এধরনের প্রযুক্তির নিত্যনতুন খেলা এত ছিলনা। যদি বিশেষভাবে দেখতে পাওয়া যায় তাহলে ২০১০-এর পর থেকে এই রোষটা সাংঘাতিকভাবে বেড়ে যেতে দেখা যায় আর এই সময় তো সোশ্যাল মিডিয়ায় কেবল দৌড়ই চলছে। অথচ একটা সময় ছিল যখন পোস্টকার্ডের একটি চিঠি ডাকবিভাগের পিওন বাড়িতে এসে পৌঁছে দিত তখন তার গুরুত্ব এবং মহিলা ও পিওনের প্রতি যে ব্যবহার উপচে পড়ত সে আজ আর এ.আই-এর অধ্যায়ের মধ্যে খুঁজে পাওয়া মুশকিল বলা যেতেই পারে। শিশির ভেজা ঘাসের সবুজ দৃশ্য আর দেখা হয়ত বা এজীবনে হবেনা। তবে আধুনিক দৌড় চরম পর্যায়ে যাবে একিস্ত সত্য বটে। দ্রুত গতি নিয়ে যেভাবে আমরা এগিয়ে চলেছি তাতে কত কত জীবন, কত কত ইতিহাস দুমড়ে মুচড়ে যাবে সে কিন্তু আজ কতটুকু চর্চায় কতজনের মধ্যে রয়েছে বা বিরাজমান সে বিষয়ে হলফ করে বলা না গেলেও একিস্ত বাস্তব। যেভাবে হিমবাহ গলে জলের স্রোতধারার মধ্যে দিয়ে পাহাড়-পর্বত ভেঙে কাদামাখা নিয়ে জনবসতি বিলীন করে চলেছে সে কিন্তু জ্বলন্ত হয়ে আছে এই সময়ে। ২০১৫ সনে নেপাল ভূকম্পনে ক্ষয়ক্ষতির প্রবল শিকার হয়েছিল আর এই যে গত বুধবার প্রলয়ংকরী প্রাকৃতিক বিপর্যয় ঘটে এরফলে সমগ্র বিশ্বের মানব সম্পদে প্রভাব ফেলে দেয়। প্রাণহানির দিক মিছিলে পরিণত হয়। বিভীষিকা রূপ এবং পরিবারের পর পরিবার অশ্রুধারায় কান্নায় ভেঙে পড়ে যা খুবই পরিতাপের বিষয়। এখনও নিখোঁজের সংখ্যা কেবল বেড়েই চলেছে। সূত্রাং ভবিষ্যত যে কোন পথ দিয়ে এগোচ্ছে এর দিক নির্দেশিকা সামনেই আছে...



সম্প্রতি অমর শিল্পী কিশোর কুমারের শুভ জন্মদিনকে শ্রদ্ধা জানাতে এবং তাঁর স্মরণে ‘শুভেচ্ছা ডিজিটাল’-এর আলাপচারিতায় কিশোর কুমার অনুরাগী সঙ্গীতশিল্পী এবং আসাম বিশ্ববিদ্যালয়ের কর্মী নির্মল দত্ত তাঁর উপলব্ধি ব্যক্ত করেন সম্পাদক মেঘনাথ কর-এর সঙ্গে এক সাক্ষাৎকারে। কিশোর কুমার যে কত বড়মাপের শিল্পী ছিলেন তা বিস্তার আলোকপাত করেন এবং একটি গানও তিনি পরিবেশন করেন যা খুবই সুমধুর শ্রুতিতে ছিল। একটি কথা ঐদিন স্পষ্ট হয় যে, কিশোর কুমারের সঙ্গে অন্য কারোর তুলনা হয়না যদি বলতে হয় সে কিশোর কুমারের সঙ্গেই। শিলচর।

ড্রোন প্রযুক্তি ও প্রয়োগ নিয়ে প্রশিক্ষণ শিবির

শিলচর : ড্রোন প্রযুক্তি ও এর বিভিন্ন প্রয়োগ সম্পর্কে শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্ভাবনী চিন্তাভাবনাকে উৎসাহিত করার লক্ষ্যে আসাম বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে ড্রোন প্রযুক্তি ও সংশ্লিষ্ট প্রয়োগ নিয়ে পাঁচ দিনের প্রশিক্ষণ শিবির। গতকাল বিশ্ববিদ্যালয়ের কৃষি প্রকৌশল বিভাগে এই প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন হয়। চলবে ২৯ আগস্ট পর্যন্ত।

শিলচরের ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজির উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের কৃষি প্রকৌশল বিভাগ, ত্রিমাত্রিক মুদ্রণাগার এবং উদ্যোক্তা উন্নয়ন কেন্দ্রের সহযোগিতায় এই প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়েছে। জেট

অ্যারোস্পেস অ্যাভিয়েশন রিসার্চ সেন্টারের সহযোগিতায় আয়োজিত কর্মসূচিতে প্রযুক্তিগত সহায়তা করছে ভারতীয় প্রযুক্তিবিদ্যা প্রতিষ্ঠান, দিল্লির অধীন বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সহায়তায় প্রতিষ্ঠিত প্রযুক্তি উদ্ভাবন কেন্দ্র আইএইচএফসি।

স্বাগত বক্তব্যে কৃষি প্রকৌশল বিভাগের ভারপ্রাপ্ত প্রধান ড. অজিতা তিওয়ারি দ্রুত পরিবর্তনশীল মানববিহীন আকাশযান প্রযুক্তির ক্ষেত্রে প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধি ও উদ্ভাবনকে উৎসাহিত করার ক্ষেত্রে এই প্রশিক্ষণ শিবিরের গুরুত্ব তুলে ধরেন। পাঁচদিনের প্রশিক্ষণ কর্মসূচিতে মানববিহীন আকাশযান, ড্রোনের নকশা ও পরিচালনা, সংশ্লিষ্ট বিধিনিষেধ এবং বাস্তব ক্ষেত্রে এর

বিভিন্ন প্রয়োগ সম্পর্কে হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। কৃষি প্রকৌশল বিভাগের স্নাতক ও স্নাতকোত্তর স্তরের শিক্ষার্থীদের প্রযুক্তিগত দক্ষতা বৃদ্ধির পাশাপাশি উদীয়মান ড্রোন প্রযুক্তিতে তাঁদের উদ্ভাবনী ভাবনাকে উৎসাহিত করাই এই কর্মসূচির অন্যতম লক্ষ্য।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে অধ্যাপক দেবমাল্য ঘোষ তরুণদের মধ্যে উদ্যোক্তা মানসিকতা গড়ে তোলার ক্ষেত্রে এ ধরনের কর্মসূচির গুরুত্বপূর্ণ ভূমিকার কথা উল্লেখ করেন। তিনি বলেন, তরুণদের দক্ষতা বৃদ্ধি তাঁদের সৃজনশীলতা ও জ্ঞানকে বাস্তবভিত্তিক উদ্যোগে রূপান্তরিত করার অন্যতম প্রধান মাধ্যম।

উত্তর পূর্বাঞ্চলের জাতীয় এক্যুস্ট্র বিষয়ে কিঞ্চিৎ

আলোকপাত ভূমিকা

কলাশ্রী পরিতোষ বর্মণ, সংস্কৃতি রত্ন

আমাদের প্রাচীন পূর্বপুরুষগণের কাছে থেকে আমার যে অমূল্য ধর্মসম্পদ উত্তরাধিকারসূত্রে পেয়েছি প্রাণপণ তাকে ধরে থাকাটাই আমাদের প্রথম ও প্রধান কর্তব্য। আর এই ভাবজগতের ঐক্যতাকে জীবিত রাখতে ভারতীয় আধ্যাত্মিক মহাপুরুষগণের আবির্ভাবকে অস্বীকার করা যায় না। নূতন ভাগে জাগরণে নূতন প্রাণে পূর্বপৈক্ষা অধিকতর গৌরবমণ্ডিত করে মহিমা কেবল আমাদের এই ভারতবর্ষই ভক্তিভাবে তাঁকে (ঈশ্বরকে) তাঁর শাস্বত জেনেছিল।



সিংহাসনে প্রতিষ্ঠিত করো। যিনি শৈবাদের শিব, বৈষ্ণবদের বিষ্ণু, কর্মদেৎ কর্ম, বৌদ্ধদের বুদ্ধ, জৈনদের জিন, ঈশশী ও ইন্দ্রাদের রাজে, মুসলমানদের আল্লাহ, বেদান্তিকদের ব্রহ্ম- সকল ধর্মের সকল সম্প্রদায়ের প্রভু, সেই সর্বব্যাপী সুপুঞ্জের সম্পূর্ণ

ক্রমশঃ —

Lunch and Dinner
Contact for
HOME DELIVERY
(Only for Silchar)
Phone No. :
9435644638

Good Food | Good Mood | Good Life

DELICIOUS FOOD FAST & SAFE DELIVERY HYGIENIC PREPARATION SATISFACTION GUARANTEED

House Rent Available
for Job Holders
at Prime Location in Silchar.
One Single room with attached Bathroom and Kitchen and
One Double room with attached Bathroom, Kichen and Balcony.
Please Contact - 9435724853

এন কে জুয়েলার্স
এন এন দত্তরোড,
শিলচর - ৭৮৮০০১,
কাছাড়, আসাম
Hallmark Gold, Making facility available Here
Mob. No. - 9435809452

Natural, Unique, Healthy, Good To Drink
ROSEKANDY TEA
Is Now Trustea certified

Green Tea is also Available in Silchar At

RAJESH TRADING CO. Premtala, Silchar - 1
Tel : 03842-247214, 234883

জমি বিক্রয়
শিলচর শহরে ২কাঠা জমির ওপর বসতবাড়ি তিনতলা ফাউন্ডেশন যুক্ত বিক্রয় করা হবে, দর আলোচনা সাপেক্ষ।
যোগাযোগ করুন :
৯১০১৬৫৩৯৬৫



একের পাতার পর

জাতীয় সড়ক দ্রুত সংস্কার জরুরি, গাড়িকারিকে হিমন্ত

জাতীয় সড়ক নির্মাণের ঘোষণা এবং প্রকল্পটির দ্রুত বাস্তবায়নের উদ্যোগের জন্য কেন্দ্রীয় মন্ত্রীকে কৃতজ্ঞতা জানান মুখ্যমন্ত্রী।

এছাড়া কালাইনের সঙ্গে শিলচরের সংযোগকারী চার লেনের জাতীয় সড়ক নির্মাণ এবং সংশ্লিষ্ট সড়ককে রাজ্য সড়ক থেকে জাতীয় সড়ক হিসেবে সূচিত করার কথাও কেন্দ্রীয় মন্ত্রীকে বলেছেন হিমন্ত। এ দিন শিলচর-শিলং এক্সপ্রেস করিডর এবং গহপু-নুমলিগড় সংযোগকারী সুড়ঙ্গ প্রকল্পের অগ্রগতিও পর্যালোচনা করা হয়। এই দুটি প্রকল্পের কাজ বর্তমানে চলছে।

এর পাশাপাশি অসমের বন্যায় ক্ষতিগ্রস্ত নুমতলগড়-জাজি এবং জাজি-ডিব্রুগড় অংশের সড়ক দ্রুত মেরামতের প্রয়োজনীয়তার বিষয়টি বৈঠকে তুলে ধরা হয়। বন্যার কারণে ক্ষতিগ্রস্ত সড়ক যোগাযোগ ব্যবস্থা দ্রুত স্বাভাবিক করার ক্ষেত্রেও গুরুত্ব আরোপ করেন মুখ্যমন্ত্রী। বৈঠকে বিভিন্ন সড়ক ও মহাসড়ক প্রকল্পের জন্য জমি অধিগ্রহণ এবং প্রকল্প বাস্তবায়নের সঙ্গে যুক্ত অন্যান্য বিষয় নিয়েও বিস্তারিত আলোচনা হয়। এমনকি রাজ্যের যোগাযোগ ব্যবস্থাকে আরও শক্তিশালী করতে কেন্দ্র ও রাজ্যের মধ্যে সমন্বয়ের ওপরও গুরুত্ব দেওয়া হয়েছে। অন্যদিকে, কেন্দ্রীয় মন্ত্রী গাড়িকারির সঙ্গে সাক্ষাতের পর এক ফেসবুক পোস্টে হিমন্তবিশ্ব শর্মা বলেন, নতুনদিল্লিতে অনুষ্ঠিত উচ্চপর্যায়ের বৈঠকে বন্যায় ক্ষতিগ্রস্ত সড়ক সংস্কার এবং অন্যান্য যোগাযোগ প্রকল্পগুলির দ্রুত বাস্তবায়নের বিষয়ে গৃহীত সিদ্ধান্ত রাজ্যের উন্নয়ন ও অর্থনৈতিক অগ্রগতিকে আরও গতিশীল করবে।

তিনি লিখেছেন, ‘অসমের সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত জাতীয় সড়কগুলি দ্রুত সংস্কার এবং ভবিষ্যতে বন্যার ক্ষয়ক্ষতি কমানোর লক্ষ্যে আরও শক্তিশালী সড়ক পরিকাঠামো নির্মাণের বিষয়টিকে অগ্রাধিকার দিয়ে আজ নতুনদিল্লিতে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক মন্ত্রী নীতিন গাড়িকারির সঙ্গে একটি গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হয়েছি। বন্যার কারণে ক্ষতিগ্রস্ত অসমের জাতীয় সড়কগুলিতে যান চলাচল স্বাভাবিক করতে সড়কগুলি দ্রুত মেরামত ও পুনরুদ্ধারের পাশাপাশি ভবিষ্যতে যাতে এই ধরনের ক্ষয়ক্ষতি কম হয়, তার জন্য সড়ক, কালভার্ট ও সেতুর নকশা এবং নির্মাণ পদ্ধতিকে আরও বৈজ্ঞানিক ও বন্যা-সহনশীল করার বিষয়ে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। জোরাবাটের কৃত্রিম জমা জলের স্থায়ী সমাধানের জন্য জাতীয় সড়ক পরিকাঠামোর নকশা পুনরায় করার বিষয়েও আলোচনা হয়।

জেলাজুড়ে জনগণনা নিয়ে সংশয় নিরসন শিবির

পাশাপাশি গণনাকারীদের বিভিন্ন বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও নির্দেশনা দেওয়া হচ্ছে। জনগণনা প্রক্রিয়াকে নির্ভুল, নিয়মমাফিক ও সুষ্ঠুভাবে সম্পন্ন করা এবং সঠিক লেআউট ম্যাপ প্রস্তুত নিশ্চিত করাই এই উদ্যোগের মূল লক্ষ্য।

ডিসির পরিদর্শন মিজোরাম সীমান্তবর্তী প্রত্যন্ত

প্রয়োজনীয় পরিকাঠামো, মৌলিক সুযোগ-সুবিধা এবং অন্যান্য পরিষেবার পরিস্থিতিও খতিয়ে দেখেন তিনি। স্থানীয় বাসিন্দাদের সঙ্গেও মতবিনিময় করে তাঁদের বিভিন্ন সমস্যার কথা শোনে জেলাশাসক। বিশেষ করে দুর্গম সীমান্ত এলাকায় যোগাযোগ ব্যবস্থা, মৌলিক পরিষেবা এবং প্রশাসনিক সহায়তা আরও কার্যকর করার বিষয়ে গুরুত্ব দেওয়া হয়। মিজোরাম সংলগ্ন এই সীমান্তবর্তী এলাকাগুলিতে দুর্গম ভূপ্রকৃতি এবং যোগাযোগের সমস্যার কারণে সাধারণ মানুষের কাছে সরকারি পরিষেবা পৌঁছে দেওয়া অনেক সময় চ্যালেঞ্জ হয়ে দাঁড়ায়। এই পরিস্থিতিতে জেলা প্রশাসনের শীর্ষ আধিকারিকের সরেজমিনে পরিদর্শন বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

জেলাশাসকের এই সফরের অন্যতম উদ্দেশ্য ছিল সীমান্তবর্তী এলাকার বাস্তব পরিস্থিতি আরও কাছ থেকে বোঝা এবং স্থানীয় মানুষের সমস্যাগুলি চিহ্নিত করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা। পাশাপাশি বিভিন্ন সরকারি সংস্থা ও নিরাপত্তা বাহিনীর মধ্যে সমন্বয় আরও শক্তিশালী করার ওপরও গুরুত্ব দেওয়া হয়। জেলাশাসকের সঙ্গে সফরে থাকা আধিকারিকরাও বিভিন্ন এলাকা পরিদর্শন করে পরিকাঠামো ও জনপরিষেবার পরিস্থিতি পর্যালোচনা করেন। প্রত্যন্ত সীমান্ত এলাকায় প্রশাসনিক পরিষেবা আরও কার্যকর ও মানুষের কাছে পৌঁছে দিতে ভবিষ্যতে প্রয়োজনীয় পদক্ষেপ করার বিষয়েও আলোচনা হয়।

একের পাতার পর

শিক্ষার্থীদের ‘জব সিকার’ না হয়ে ‘জব ক্রিয়েটর’ হওয়ার

সহ-সভাপতি ইন্দ্রাণী ভট্টাচার্য এবং ডিএনএনকে স্কুলের অধ্যক্ষ ড. অভিজিৎ সাহা। এ ছাড়াও উপস্থিত ছিলেন বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও বিপুল সংখ্যক ছাত্রী। অনুষ্ঠানের শুরুতে অতিথিদের উষ্ণ অভ্যর্থনা জানানো হয়। এরপর অতিথিদের উপস্থিতিতে প্রদীপ প্রজ্জ্বলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। বিদ্যালয়ের ছাত্রীরা বৈদিক মন্ত্রপাঠ ও সমবেত সঙ্গীত পরিবেশন করে অনুষ্ঠানের পরিবেশকে আরও মনোজ্ঞ করে তোলে। পরে ছাত্রীদের নৃত্য পরিবেশনও উপস্থিত সকলের প্রশংসা কুড়ায়। অনুষ্ঠানের একপর্যায়ে স্কুল কর্তৃপক্ষের পক্ষ থেকে কণাদ পুরকায়স্থ সহ উপস্থিত অতিথিদের হাতে শুভেচ্ছা স্মারক তুলে দেওয়া হয়।

স্বাগত বক্তব্যে ডিএনএনকে স্কুলের অধ্যক্ষ ড. অভিজিৎ সাহা বিদ্যালয়ের দীর্ঘ ঐতিহ্য ও গৌরবময় ইতিহাস তুলে ধরেন। তিনি বলেন, ১৯২১ সালে এই শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হয়। তৎকালীন সময়ে কামিনীকুমার চন্দ্র বিদ্যালয় প্রতিষ্ঠার জন্য জমি দান করেছিলেন। দীর্ঘ পথ অতিক্রম করে আজ এই বিদ্যালয় একটি গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। বর্তমানে বিদ্যালয়ে প্রায় ১১২৬ জন ছাত্রী পড়াশোনা করছে বলে জানান অধ্যক্ষ। পাশাপাশি বিদ্যালয়ের শিক্ষার মানোন্নয়ন ও পরিকাঠামোগত উন্নয়নের বিভিন্ন দিক তুলে ধরে তিনি রাজ্যসভা সাংসদ কণাদ পুরকায়স্থের কাছে স্কুলের সার্বিক উন্নয়নে সহযোগিতার আবেদন জানান। নতুন সায়েন্স ও ম্যাথস ল্যাব চালুর ফলে ছাত্রীদের হাতে-কলমে বিজ্ঞান ও গণিত শেখার সুযোগ আরও প্রসারিত হবে বলেও আশা প্রকাশ করা হয়।

অনুষ্ঠানে কাছাড়ের অতিরিক্ত জেলাশাসক জাগৃতি কালোয়ার ডিএনএনকে স্কুলের শিক্ষার পরিবেশ ও অধ্যক্ষের নেতৃত্বের প্রশংসা করেন। তিনি বলেন, বিদ্যালয়ের পরিবেশ অত্যন্ত সুন্দর এবং অধ্যক্ষ স্কুলটিকে সঠিক পরিকল্পনায় এগিয়ে নিয়ে যাচ্ছেন। আগামী দিনে এই বিদ্যালয়ের ছাত্রীরা আরও ভালো ফলাফল করবে বলে তিনি আশা ব্যক্ত করেন। জেলা স্কুল পরিদর্শক মিঠুন জহুরি ডিএনএনকে স্কুলের শতবর্ষের ঐতিহ্যের কথা তুলে ধরে বলেন, দীর্ঘ সময় ধরে এই বিদ্যালয় শিক্ষার প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। প্রজন্মের পর প্রজন্ম শিক্ষার্থীদের গড়ে তোলা ক্ষেত্রে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের অবদানও তিনি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন। নতুন ল্যাব প্রতিষ্ঠার ফলে বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা আরও সমৃদ্ধ হবে বলে তিনি আশা প্রকাশ করেন। প্রধান অতিথির বক্তব্যে রাজ্যসভা সাংসদ কণাদ পুরকায়স্থ বলেন, ডিএনএনকে স্কুলের প্রতিষ্ঠার সঙ্গে একটি ঐতিহাসিক প্রেক্ষাপট জড়িয়ে রয়েছে। এই বিদ্যালয়ে পড়াশোনা করা কিংবা শিক্ষকতা করার সুযোগ পাওয়াও সৌভাগ্যের বিষয়। শিক্ষা জীবনের গুরুত্ব অপরিসীম এবং একটি শিক্ষা প্রতিষ্ঠানের সাফল্য অনেকাংশেই নির্ভর করে তার শিক্ষার পরিবেশের ওপর। তিনি বলেন, একসময় সরকারি স্কুলগুলির শিক্ষার মান ও পরিকাঠামো নিয়ে নানা প্রশ্ন ছিল। কিন্তু বর্তমানে সেই পরিস্থিতির পরিবর্তন ঘটছে। কেন্দ্রীয় সরকার শিক্ষাক্ষেত্রে নানা উদ্যোগ গ্রহণ করে শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষা প্রদানের পাশাপাশি আধুনিক শিক্ষার সঙ্গে যুক্ত করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। নতুন শিক্ষানীতির প্রসঙ্গ তুলে ধরে কণাদ পুরকায়স্থ বলেন, বর্তমান শিক্ষা ব্যবস্থায় শুধু প্রচলিত শিক্ষার মধ্যে সীমাবদ্ধ থাকলে চলবে না।

বান বিপর্যয়ে পাশে থাকার বার্তা প্রধানমন্ত্রীর

৯৭৭৯৮৫১৩১৬৮০৭ এবং ৯৭৭৯৭০৯১০৭৫০০। নেপালের বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত ভারতীয়দের সহায়তা এবং তথ্যের জন্য ওই নম্বরে যোগাযোগ করা যাবে। নেপালের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রেখেছে নয়াদিল্লি। উদ্ধারকাজ এবং ক্ষতিগ্রস্তদের সহায়তার কাজে তাঁদের সাহায্য করছে ভারত।

বুধবার সকালে নেপালের রাসুয়া জেলায় ভোটেকোশী নদীতে আচমকা হড়পা বান আসে। সে দেশের পর্যটন পর্যদের তথ্য অনুযায়ী, এখনও পর্যন্ত এই ঘটনায় ২৯১ জন বিদেশি নাগরিক-সহ অন্তত ৩৮৪ জন পর্যটকের কোনও খোঁজ পাওয়া যায়নি। তাঁদের মধ্যে ১৪২ জন ভারতীয় (৩৭ জন অনাবাসী-সহ) রয়েছেন। সমাজমাধ্যমে ভাইরাল কিছু ভিডিওতে দেখা গিয়েছে, নদীর জল এবং কাদামাটির স্রোত প্রবল বেগে ধেয়ে এসেছে লোকালয়ের দিকে। ভাসিয়ে নিয়ে গিয়েছে ঘরবাড়ি, রাস্তাঘাট, সেতু। মৃত বা আহতের সংখ্যা এখনও সরকারি ভাবে কিছু জানানো হয়নি। নিখোঁজদের খোঁজে অভিযান চলছে। সেই সঙ্গে জোরকদমে চলছে উদ্ধারকাজ। নেপালে ত্রাণকার্য পরিচালনার জন্য ভারতীয় বায়ুসেনা বিমান বহর প্রস্তুত রেখেছে। তাতে সি-১৭, সি-১৩০জে এবং সি-২৯৫ বিমান রয়েছে। সেগুলি নেপালের উদ্দেশে রওনা দিয়েছে।

লক্ষীপুৰে উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতির খোঁজ নিলেন কৌশিক রাই

লক্ষীপুৰ : এক ঝাটিকা সফরে লক্ষীপুৰে এসে এলাকার উন্নয়নে গৃহীত বিভিন্ন প্রকল্পের খোঁজখবর নিলেন লক্ষীপুৰের বিধায়ক তথা মন্ত্রী কৌশিক রাই। লক্ষীপুৰ সমজেলা আয়ুক্ত প্রবজ্যোতি পাঠক, সার্কল অফিসার কৃষ্ণকিশোর সাহরিয়ী এবং পূর্ত বিভাগের অধিকারিকদের সঙ্গে নিয়ে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের নির্মাণস্থল পরিদর্শন করলেন মন্ত্রী।

এ দিন সকাল ১১টায় সরকারি আধিকারিক এবং দলীয় কার্যকর্তাদের সঙ্গে নিয়ে দক্ষিণ বরাকের একমাত্র

নির্মীয়মাণ মডেল ডিগ্রি কলেজ পরিদর্শন করেন মন্ত্রী। এই কলেজটি নির্মিত হচ্ছে বিল্লাকান্দি ব্লকের ছোটমামদা জিপি-তে। সকাল সাড়ে এগারোটায় উপস্থিত হন নির্মীয়মাণ বিল্লাকান্দি মিনি স্টেডিয়ামের কাজের স্থলে। খুঁটিয়ে দেখেন নির্মাণকাজের অগ্রগতি।

দুপুরে নদী পেরিয়ে চলে আসেন ১২৭ কোটি টাকার বিনিময়ে নির্মীয়মাণ ১০০

শয্যার জেলা হাসপাতালে। পরিদর্শন করেন নির্মাণকাজের অগ্রগতি। এরপর ঐতিহ্যবাহী আল হায়ার সেকেন্ডারি স্কুলের



নির্মীয়মাণ নতুন ভবনের কাজ পরিদর্শন করেন। প্রায় সাড়ে সাত কোটি টাকার বিনিময়ে তৈরি হতে যাওয়া এই বিদ্যালয় ভবনের নির্মাণ কাজ প্রায় শেষের পথে। এখনও কিছু ছোট ছোট কাজ বাকি রয়েছে। তবে লক্ষীপুৰের প্রধান পূর্ত সড়ক চওড়া করতে গিয়ে স্কুলের ফটক সহ সীমানার দেওয়াল

কৌশিক চলে আসেন পয়লাপুলের নেহরু হায়ার সেকেন্ডারি স্কুলের নতুন ভবনের নির্মাণকাজ পরিদর্শন করতে। ওই প্রকল্পগুলি পরিদর্শনকালে কিছু উপদেশও দেন মন্ত্রী। বিকেলে বেশ কয়েকটি সাংগঠনিক সভায় অংশ গ্রহণ করেন তিনি। অনুষ্ঠিত বৃথ প্রবাসীদের সঙ্গে সাংগঠনিক সভায় তাদের উত্তরীয় ও স্মারক দিয়ে সম্মানিত করেন মন্ত্রী। উপস্থিত ছিলেন জেলা সহ-সভাপতি সঞ্জয়কুমার ঠাকুর, জেলাপরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, পুরসভার ওয়ার্ড কমিশনার সহ মণ্ডল সভাপতি সহ বিভিন্ন স্তরের দলীয় কর্মকর্তারা।

যুবসমাজকে প্রকৃতি ও সংস্কৃতি রক্ষার আহ্বান সোনোয়ালের

নতুন দিল্লি : শ্রীমন্ত শঙ্করদেবের ঐতিহ্য তুলে ধরে যুবসমাজকে প্রকৃতি ও সংস্কৃতি রক্ষার আহ্বান জানান কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল। রবিবার নতুন দিল্লিতে ‘কলা-তরঙ্গিণী : দ্য দিল্লি কলা ফেস্টিভাল ২০২৬’ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখছিলেন তিনি। কেন্দ্রীয়মন্ত্রী ভারতের প্রাচীন ঐতিহ্যের ওপর আলোকপাত করে ভক্তি, মানবিকতা ও প্রকৃতির প্রতি শ্রদ্ধাবোধ বজায় রাখার আহ্বান জানিয়েছেন।

নতুন দিল্লির ন্যাশনাল স্কুল অব ড্রামায় আয়োজিত অনুষ্ঠানে সোনোয়াল বলেন, হাজার হাজার বছর ধরে প্রাচীন ঋষিদের অবদানের মাধ্যমে ভারতের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য এবং জ্ঞানব্যবস্থা গড়ে উঠেছে। তিনি জোর দিয়ে বলেন, এই ঐতিহ্য থেকে প্রাপ্ত মূল্যবোধ মানুষকে মানুষ, পশুপাখি, কীটপতঙ্গ, গাছপালা, নদী, পাহাড় এবং হৃদসহ সমস্ত ধরনের জীবের প্রতি সহানুভূতি ও দায়িত্বশীলতা অনুশীলনে অনুপ্রাণিত করবে।

গাছপালা এবং পরিবেশের গুরুত্ব তুলে ধরে সোনোয়াল বলেন, জীবন টিকিয়ে রাখতে প্রকৃতি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং জীবজগতের বেঁচে থাকার জন্য পরিবেশ রক্ষা করা অপরিহার্য।

তিনি বিশেষ করে তরুণ প্রজন্ম এবং শিক্ষার্থীদের প্রকৃতি রক্ষা ও ভারতের সাংস্কৃতিক ও পরিবেশগত ঐতিহ্য সংরক্ষণে আরও বেশি দায়িত্ব নেওয়ার আহ্বান জানান।

কেন্দ্রীয় মন্ত্রী ভারতের সাংস্কৃতিক পরিচয়কে শক্তিশালী করার ক্ষেত্রে শিল্প ও সংস্কৃতির ভূমিকার কথাও তুলে ধরেন। এই উৎসবে শ্রীমন্ত শঙ্করদেবের ‘পারিজাত হরণ’ অঙ্কিয়া নাট-এর একটি বিশেষ পরিবেশনা উপস্থাপন করা হয়, যা অসমের সত্রীয় ঐতিহ্যকে জাতীয় রাজধানীতে নিয়ে আসে।

সোনোয়াল বলেন, শিল্প ও সংস্কৃতি তরুণ প্রজন্মকে ভারতের সভ্যতার ঐতিহ্যের সঙ্গে যুক্ত করার পাশাপাশি একতা, ভক্তি এবং জাতীয় গৌরবের চেতনাকে শক্তিশালী করতে সাহায্য করতে পারে।

AFFIDAVIT

I, **Ahamedul Hoque Barbhuiya**, D.O.B. 02-11-1985, S/o Moinul Hoque Barbhuiya, resident of Vill - Gossaipur Part – II, P.O. Gossaipur, P.S. Udharbond, Dist. – Cachar, Assam, by religion – Islam, by profession – Govt. Employee, by Nationality – Indian, do hereby solemnly affirm and declare as follows:-

1. That, I am a citizen of India by birth and permanently residing at the aforesaid address.
2. That, my true and correct name with surname **Ahamedul Hoque Barbhuiya**, S/o Moinul Hoque Barbhuiya, which is recorded in most of relevant documents.
3. That, some bonafide mistake in my education certificate/ admit card my name is written/recorded as **Ahmedul Hoque Barbhuiya** instead of **Ahamedul Hoque Barbhuiya** and the said education certificate where my father's name has been recorded as **Moinul Hoque Barbh** instead of **Moinul Hoque Barbhuiya**.
4. That, the names **Ahamedul Hoque Barbhuiya** and **Ahmedul Hoque Barbhuiya** is one and the same person having single legal one identity i.e. myself and **Moinul Hoque Barbhuiya** and **Moinul Hoque Barbh** is one and same person having single legal identity i.e. father.
5. That, this affidavit is sworn for the purpose of declaring the above stated facts and to submit the same before the concerned authority as and when required.

That, the statements made above are true and correct to the best of my knowledge and belief and in proof whereof I swear and sign this affidavit before the Notary Public, Silchar on this the 29th day of August, 2026.



গত শনিবার শিলচর দ্বিতীয় লিংক রোডের ৪০ নং ওয়ার্ডে বিজেপির ওয়ার্ড সম্মেলন অনুষ্ঠিত হয়, তাতে দলের কার্যকর্তারা शामिल হয়েছিলেন। সভায় উপস্থিত ছিলেন কাছাড় জেলা বিজেপির সাধারণ সম্পাদক গোপাল রায়, আসম শিলচর পুরনিগমের নির্বাচনকে সামনে রেখে দলের নির্বাচনী তথা এ ওয়ার্ডের সভানেত্রী রেবা কর্মকার, সাধারণ সম্পাদক তথা এদিনের সভা সঞ্চালনায় যিনি ছিলেন তিনি পঙ্কজ কুমার রায়, ২য় লিংক রোডে উন্নয়ন কমিটির পক্ষে সভাপতি ও সাধারণ সম্পাদক, নির্বাচনী প্রভারী ধর্মেন্দ্র তেওয়ারি প্রমুখ। এদিন তাঁরা নির্বাচনকে সামনে রেখে দলের আগামীদিনের চলার দিক সম্পর্কে আলোচনা করেন এবং নির্বাচনী প্রার্থী জয়ী হবার পর এলাকায় সবধরনের উন্নয়নের দিকে এগোনো হবে বলেও বক্তব্যে বলা হয়। শিলচর।